# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
# প্রধান কার্যালয়, ঢাকা।
# সেক্রেটারিজ ডিভিশন

## উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা

**১। প্রারম্ভিকঃ**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক ২৮ ডিসেম্বর ২০২২ তারিখের প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৬/৫২/প্রশাসন/১৪০ এর মাধ্যমে জারীকৃত "বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা ২০২২" এর বিধি ৩ এর উপ-বিধি (২) অনুযায়ী ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা প্রণয়ন করা হলো।

**২। সংক্ষিপ্ত শিরোনামঃ**

এই নীতিমালা "ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা, ২০২৪" নামে অভিহিত হবে।

**৩। সংজ্ঞাঃ**

(ক) "কর্পোরেশন" অর্থ ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি);

(খ) "তালিকাভুক্ত সিকিউরিটি" অর্থ আইসিবির শেয়ার;

(গ) "কমিশন" অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;

(ঘ) "উল্লেখযোগ্য তথ্য" অর্থ এমন তথ্য, যা একজন যুক্তিসংগত বিনিয়োগকারীর বিনিয়োগ সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিবেচিত হতে পারে;

(ঙ) "উল্লেখযোগ্য হারে" বলতে "বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা ২০২২" এর বিধি ২ এর উপ-বিধি (১) (খ) এ বর্ণিত [ব্যাখ্যা:] অংশ বুঝাবে;

(চ) "মূল্য সংবেদনশীল তথ্য" বলতে "বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা ২০২২" এর বিধি ৩ এর উপ-বিধি (১) এর বর্ণনামতে কর্পোরেশনের নিম্নবর্ণিত তথ্যাবলিকে বুঝাবেঃ

(অ) আর্থিক অবস্থা সম্পর্কিত প্রতিবেদন, আর্থিক অবস্থার ফলাফল বা এতদ্‌সংক্রান্ত মৌলিক তথ্য;

(আ) লভ্যাংশ ও কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্য;

(ই) কর্পোরেট কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্য; যথা-একীভূতকরণ, বিভক্তিকরণ (Demerger), অধিগ্রহণ, অবসায়ন, রূপান্তর বা হস্তান্তর সংক্রান্ত তথ্য;

(ঈ) পুঁজি কাঠামো (Capital Structure) পরিবর্তন সংক্রান্ত তথ্য;

(উ) ব্যবসায় কার্যক্রম সম্প্রসারণ, পরিবর্তন, ইত্যাদি সংক্রান্ত তথ্য;

(ঊ) কমিশন কর্তৃক প্রণীত বা অনুমোদিত বা জারীকৃত অন্য কোনো বিধিমালা বা প্রবিধানমালা বা আদেশ বা নির্দেশ বা প্রজ্ঞাপনে মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে নির্ধারিত কোনো তথ্য;

(ঋ) কমিশন কর্তৃক সময় সময় সরকারি গেজেটে জারীকৃত প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত অন্য কোনো তথ্য।

চলমান পাতা- ০২

**"তফসিল-ক"**

নিম্নবর্ণিত উল্লেখযোগ্য তথ্যসমূহের (Material Information) মধ্যে যে সকল তথ্যে কর্পোরেশনের মূল্য সংবেদনশীলতা রয়েছে বা যে সকল তথ্য কোনো যুক্তিসংগত বিনিয়োগকারীর বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রভাবক হিসেবে বিবেচিত হতে পারে সেসকল তথ্য কর্পোরেশন কর্তৃক মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে প্রকাশ করা হবে।

উক্ত মূল্য সংবেদনশীল তথ্য ব্যতীত নিম্নবর্ণিত অন্য সকল তথ্য উল্লেখযোগ্য তথ্য (Material Information) হিসেবে কর্পোরেশন কর্তৃক এর দাপ্তরিক ওয়েবসাইটে প্রকাশ করা হবে, যথা:-

১। আর্থিক অবস্থার পরিবর্তন সংক্রান্ত প্রভাবক, যেমন:-

(ক) আর্থিক বিবরণীর পরিবর্তন, যেমন- আয়, ব্যয়, নগদ প্রবাহ, প্রাপ্য, দায় বা সম্পদ ইত্যাদির উল্লেখযোগ্য হ্রাস বা বৃদ্ধি ও অধিকাংশ বা উল্লেখযোগ্য সম্পদের পুনর্মূল্যায়ন বা উল্লেখযোগ্য হ্রাস-বৃদ্ধি বিষয়ক কোন তথ্য বা বিবৃতি বা মন্তব্য;

(খ) আর্থিক বিবরণীর নিম্নোক্ত তুলনামূলক তথ্যাদি:

(অ) শেয়ার প্রতি আয়;

(আ) শেয়ার প্রতি নীট পরিচালনাগত নগদ প্রবাহ;

(ই) শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য;

(গ) কর্পোরেশনের সম্পদের মুল্য অথবা সম্পদের সংমিশ্রণের উল্লেখযোগ্য পরিবর্তন;

(ঘ) প্রভিশন সংরক্ষণ সম্পর্কিত কর্পোরেশনের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক কোনো বিশেষ নির্দেশনা বা পূর্বে প্রদত্ত কোনো বিশেষ নির্দেশনার কোনো পরিবর্তন; এবং

(ঙ) কর্পোরেশনের একাউন্টিং পলিসির কোনো পরিবর্তন, ইত্যাদি।

২। কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্যাদি, যেমন:-

(ক) লভ্যাংশ সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত;

(খ) সিকিউরিটিহোল্ডারগণকে রাইট, বোনাস ইস্যুর ঘোষণা বা ইস্যু করা বা অনুরূপ সুবিধা প্রদানের সিদ্ধান্ত;

(গ) বিনিয়োগকারীদের প্রাপ্যতা সম্পর্কিত কর্পোরেট ঘোষণা বা অন্য কোনো তথ্য; এবং

(ঘ) লভ্যাংশ বিতরণ পলিসি পরিবর্তন, ইত্যাদি।

৩। কর্পোরেট কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাদি, যেমন:-

(ক) বিদ্যমান সম্পদের ৫% বা তার বেশি কোনো সম্পদের অধিগ্রহণ বা অবসায়ন;

(খ) কর্পোরেশনের সাথে অন্য কোম্পানির একীভূতকরণ বা কোনো কোম্পানির উল্লেখযোগ্য শেয়ার অর্জন ও অধিগ্রহন, ইত্যাদি;

(গ) ক্যাপিটাল রিঅর্গানাইজেশন বা একীভূতকরণ বা বিভক্তিকরণের মাধ্যমে কর্পোরেট কার্যক্রমের পরিবর্তন;

(ঘ) কোনো কোম্পানির কর্তৃত্ব গ্রহণ (টেক-ওভার) প্রস্তাব বা অভ্যন্তরীণ সেবার অধিগ্রহণ প্রস্তাব; এবং

(ঙ) নাম বা ঠিকানা পরিবর্তন ইত্যাদি।

চলমান পাতা- ০৩

৪। পুঁজি কাঠামো পরিবর্তন সংক্রান্ত তথ্যাদি, যেমন:-

(ক) সিকিউরিটির প্রাইভেট বা পাবলিক বা রাইটস অফার অথবা এর পুঁজি কাঠামোর পরিবর্তন সংক্রান্ত কোনো সিদ্ধান্ত;
(খ) সিকিউরিটি রিডেমপশন; এবং
(গ) সিকিউরিটিহোল্ডারদের অধিকার সংক্রান্ত উল্লেখযোগ্য পরিবর্তন, ইত্যাদি।

৫। ব্যবসা কার্যক্রমের সম্প্রসারণ পরিবর্তন ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি, যেমন:-

(ক) কর্পোরেশনের স্থাপনা সম্পর্কিত উল্লেখযোগ্য কোনো উন্নয়ন বা পরিবর্তন;
(খ) উল্লেখযোগ্য পুঁজি বিনিয়োগ অথবা প্রতিষ্ঠানের উদ্দেশ্যের উল্লেখযোগ্য পরিবর্তন;
(গ) উল্লেখযোগ্য নতুন চুক্তি, উৎপাদন, প্যাটেন্ট সেবা অথবা ব্যবসায়িক পরিবর্তন;
(ঘ) দীর্ঘমেয়াদী অনাদায়ী তহবিলের উল্লেখযোগ্য আদায়;
(ঙ) প্রধান নির্বাহী, সিইও, সিএফও, কোম্পানি সচিবসহ পরিচালনা পর্ষদ এর পরিবর্তন বা পদত্যাগ বা পদচ্যুতি;
(চ) বিধিবদ্ধ নিরীক্ষক বা কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স অডিটর, ক্রেডিট রেটিং কোম্পানির পরিবর্তন;
(ছ) লিগ্যাল প্রেসেডিংস শুরুকরণ বা রেগুলেটরী বিষয়াদির উন্নয়ন অথবা কোনো উল্লেখযোগ্য রায় বা আদেশ;
(জ) স্টক এক্সচেঞ্জ হতে সিকিউরিটির তালিকাচ্যুতি বা এক ক্যাটাগরি হতে অন্য ক্যাটাগরিতে পরিবর্তন;
(ঝ) উল্লেখযোগ্য ম্যানেজমেন্ট কন্ট্রাক্ট, ইনভেস্টরস রিলেশন এগ্রিমেন্ট, সার্ভিস এগ্রিমেন্ট, অথবা রিলেটেড পার্টি ট্রানজেকশন যা আর্থিক বিবরণীকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করতে পারে এরূপ কোনো চুক্তি;
(ঞ) কোনো স্থায়ী সম্পত্তি ক্রয় বিক্রয়ের সিদ্ধান্ত সংক্রান্ত তথ্য; এবং
(ট) সাবসিডিয়ারী বা সহযোগী প্রতিষ্ঠানের মধ্যে উল্লেখযোগ্য অগ্রিম বা ঋণ প্রদান বা গ্রহণ বা পরিচালকের সাথে ঋণ আদান-প্রদান, ইত্যাদি।

৬। ঋণ ব্যবস্থাপনা সম্পর্কিত তথ্যাদি, যেমন:-

(ক) পরিশোধিত মূলধন বা নীট সম্পদ মূল্যের মধ্যে যা অধিক তার ২৫% বা তার বেশি পরিমাণ ঋণ গ্রহণ ও পরিশোধ;
(খ) উল্লেখযোগ্য সম্পদ দায়বদ্ধকরণ অথবা দায়মুক্তকরণ;
(গ) কোনো ব্যাংক বা পাওনাদার বা ঋণপত্রের দায় বা দেনা পরিশোধে ০৬ (ছয়) মাসের অধিক সময়ের ব্যর্থতা;
(ঘ) উল্লেখযোগ্য নতুন ঋণ চুক্তি; এবং
(ঙ) বৈদেশিক ঋণ চুক্তি বা বিনিয়োগ চুক্তি, ইত্যাদি।

৭। অন্যান্য, যেমন:-

(ক) কোনো গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষর বা পূর্বে ঘোষিত/স্বাক্ষরিত চুক্তি বাতিল বা উল্লেখযোগ্য সংশোধন;
(খ) কর্পোরেশনের উল্লেখযোগ্য কোনো সম্পদের ক্ষতি বা এর ভাবমূর্তি ক্ষুণ্নকারী কোনো ঘটনা;
(গ) পূর্বে ঘোষিত কোনো প্রকল্প বাতিল বা এর উল্লেখযোগ্য সংশোধন; এবং
(ঘ) কর্পোরেশনের অডিটর কর্তৃক কোয়ালিফাইড প্রতিবেদন দাখিল, ইত্যাদি।